# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 4th Semester Examination, 2020

## GE4-BENGALI

Full Marks: 60

### ASSIGNMENT

*The figures in the margin indicate full marks.*

**নিম্নলিখিত যে-কোনো *চারটি* বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো** ১৫×৪= ৬০

১। উদাহরণসহ বিস্তারিত পরিচয় দাওঃ ৫×৩ = ১৫

(ক) বাংলা ছন্দের মাত্রাগণনা পদ্ধতি

(খ) দল ও তার প্রকারভেদ

(গ) পর্ব ও পর্বাঙ্গ।

২। অমিত্রাক্ষর ছন্দ ও মুক্তক ছন্দের মিল ও অমিলগুলি উপযুক্ত দৃষ্টান্তের সাহায্যে নিরূপণ করো। ১৫

৩। অনুপ্রাস অলঙ্কারের শ্রেণিবিভাগ করে অন্ততঃ দু'টি করে উদাহরণের সাহায্যে এই শ্রেণিগুলির বিস্তারিত পরিচয় প্রদান করো। ১৫

৪। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর 'লোকসাহিত্য' গ্রন্থের 'গ্রাম্যসাহিত্য' প্রবন্ধে গ্রাম্যসাহিত্যের যে পরিচয় দিয়েছেন তা লিপিবদ্ধ করো। ১৫

৫। ছড়ার গঠন ও বিষয় বৈচিত্র্য সম্পর্কে আলোচনা করো। ১৫

৬। উপযুক্ত উদাহরণসহ তোমার সিলেবাসের অন্তর্গত যে-কোনো পাঁচটি বাংলা লোকসঙ্গীতের পরিচয় দাও। ১৫

——×——

## UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 4th Semester Examination, 2020

## SEC1 (P2)-BENGALI

Full Marks: 60

### ASSIGNMENT

*The questions are of equal value.*
*The figures in the margin indicate full marks.*

**নিম্নলিখিত যে-কোনো *চারটি* বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো** ১৫×৪ = ৬০

১। তোমার বিদ্যালয় জীবনে ঘটে যাওয়া কোনো একটি অভিজ্ঞতাকে ভিত্তি করে একটি ছোটোগল্প রচনা করো। ১৫

২। শিশু-কিশোরদের উপযোগী একটি ছোটোগল্প রচনা করো। ১৫

৩। পরিবেশ দূষণ সংক্রান্ত সচেতনতার উদ্দেশ্যে আয়োজিত একটি অনুষ্ঠানের জন্য তাৎক্ষণিক বক্তব্য রচনা করো। ১৫

৪। সাম্প্রদায়িক সম্প্রীতি বিষয়ে দুই বন্ধুর একটি কাল্পনিক সংলাপ রচনা করো। ১৫

৫। উচ্চশিক্ষায় CBCS (Choice Based Credit System)-এর সুবিধা-অসুবিধা বিষয়ে দুই অভিভাবকের মধ্যে কাল্পনিক সংলাপ রচনা করো। ১৫

৬। রবীন্দ্রনাথ ঠাকুরের যে-কোনো একটি কবিতার কাব্যসৌন্দর্য বিচার করো। ১৫

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 4th Semester Examination, 2020

## SEC1 (P2)-BENGALI

Full Marks: 60

### ASSIGNMENT

*The questions are of equal value.*
*The figures in the margin indicate full marks.*

**নিম্নলিখিত যে-কোনো *চারটি* বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো** ১৫×৪ = ৬০

১। প্রবন্ধ প্রস্তুত করোঃ শিক্ষাক্ষেত্রে কোভিড-১৯ (Covid-19) অতিমারির প্রভাব। ১৫

২। তোমার পছন্দ অনুযায়ী কোনো গল্পের নাট্যরূপ প্রদান করো। ১৫

৩। 'অনলাইন (Online) শিক্ষার সুবিধা-অসুবিধা' শিরোনামে একটি প্রতিবেদন রচনা করো। ১৫

৪। তোমার মহাবিদ্যালয়ে একটি রক্তদান শিবিরের আয়োজন করার জন্য অনুমতি চেয়ে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট আবেদনপত্রের একটি খসড়া প্রস্তুত করো। ১৫

৫। কোনো বিখ্যাত সংস্থার প্রসাধনী দ্রব্য বিপণনের উদ্দেশ্যে সংবাদপত্রে প্রকাশ করার জন্য একটি বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো। ১৫

৬। প্রুফ সংশোধন করোঃ ১৫

**দুই বিঘা জমি**
**বরীন্দ্রনাথ ঠাকুর**

শুধু বিঘ-দুই ছিল মোর ভুঁই, আর সবই গেছে ঋনে।
বাবু বললেন, ''বুঝেছ উপেন ? এজমি লইব কিনে।''
কহিলাম আমি, ''তুমি ভূসামী, ভূমির অন্ত্ন নাই।
চেয়ে দেখ মোর আছে বড়-জোর মরবার মতো ঠাঁই।''
শুনি রাজা কহে, ''বাপু, জান তো হে করেছি বাগানখানা,
পেলে দুই বিঘে প্রস্থে ও দৈর্ঘে সমান হইবে টানা —

ওটা দিতে হবে।'' কহি লাম তবে বক্ষে জুড়িআ পাণি
স্বজলচক্ষে, ''করুণ রক্ষেগবিবের ভিটেখানি।
সপ্তপুরুষ যেথায় মানুস সে মাটি সোনার বাড়া;
দৈন্যের দায়ে বেচব সে মায়ে এমনি লক্ষীছাড়া!
আখি করি লাল রাজা ক্ষনকাল রহিল **মৌনভাবে,**
কহিলেন শেষে ক্রুর হাসি হেসে, আচ্চা, সে দেখা যাবে।

পাণ্ডুলিপি

**দুই বিঘা জমি**
**রবীন্দ্রনাথ ঠাকুর**

শুধু বিঘে-দুই ছিল মোর ভুঁই, আর সবই গেছে ঋণে।
বাবু বলিলেন, ''বুঝেছ উপেন ? এ জমি লইব কিনে।''
কহিলাম আমি, ''তুমি ভূস্বামী, ভূমির অন্ত নাই।
চেয়ে দেখো মোর আছে বড়-জোর মরিবার মতো ঠাঁই।''
শুনি রাজা কহে, ''বাপু, জান তো হে করেছি বাগানখানা,
পেলে দুই বিঘে প্রস্থে ও দীঘে সমান হইবে টানা —
ওটা দিতে হবে।'' কহিলাম তবে বক্ষে জুড়িয়া পাণি
সজলচক্ষে, ''করুন রক্ষে গরিবের ভিটেখানি।
সপ্ত পুরুষ যেথায় মানুষ সে মাটি সোনার বাড়া,
দৈন্যের দায়ে বেচিব সে মায়ে এমনি লক্ষ্মীছাড়া!
আঁখি করি লাল রাজা ক্ষণকাল রহিল মৌনভাবে,
কহিলেন শেষে ক্রুর হাসি হেসে, ''আচ্ছা, সে দেখা যাবে।''

———×———

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 4th Semester Examination, 2020

## CC8-BENGALI

Full Marks: 60

### ASSIGNMENT

*The questions are of equal value.*
*The figures in the margin indicate full marks.*

**নিম্নলিখিত যে-কোনো *চারটি* বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো** ১৫×৪ = ৬০

১। বাংলা শৌখিন থিয়েটারের ভিতরে উপর বাংলা পেশাদারী রঙ্গমঞ্চগুলি প্রতিষ্ঠালাভ করেছে — এ মন্তব্যের যথার্থতা বুঝিয়ে দাও। ১৫

২। 'নাট্যনিয়ন্ত্রণ আইন' বাংলা নাটক ও রঙ্গমঞ্চের উপর কতটা সুদূরপ্রসারী প্রভাব বিস্তার করেছিল নানা দৃষ্টান্তের সাহায্যে তার পরিচয় দাও। ১৫

৩। 'নীলদর্পণ'-এর মৃত্যুদৃশ্যগুলি রচনাটির নাটক হয়ে ওঠার সার্থকতায় কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করেছে কী না আলোচনা করো। ১৫

৪। মধুসূদন দত্ত তাঁর 'একেই কী বলে সভ্যতা' প্রহসনটি একটি বিশেষ উদ্দেশ্যে রচনা করেছেন। আলোচ্য প্রহসনটি আলোচনার নিরিখে স্রষ্টার সেই উদ্দেশ্যের স্বরূপ নির্ণয় করো। ১৫

৫। পৌরাণিক চরিত্র হয়েও গিরিশচন্দ্র ঘোষের জনা অন্তর্দ্বন্দ্বে ক্ষতবিক্ষত আধুনিক যুগের একজন নারী হিসেবে অঙ্কিত। 'জনা' নাটকটির প্রেক্ষিতে জনার সেই নারীত্বের পরিচয় উদ্‌ঘাটন করো। ১৫

৬। বাংলা পৌরাণিক নাটকের ধারায় গিরিশচন্দ্র ঘোষের 'জনা' একটি উল্লেখযোগ্য সংযোজন। বাংলা নাটকের এই ধারাটির পরিচয় দিয়ে মন্তব্যটির যাথার্থ্য নিরূপণ করো। ১৫

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 4th Semester Examination, 2020

## CC9-BENGALI

Full Marks: 60

### ASSIGNMENT

*The questions are of equal value.*
*The figures in the margin indicate full marks.*

**নিম্নলিখিত যে-কোনো *চারটি* বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো** ১৫×৪ = ৬০

১। সময়ের পরিবর্তনের সঙ্গে সঙ্গে বাংলা নাটক ও রঙ্গমঞ্চের পরিকল্পনাতেও নানাভাবে পরিবর্তন সাধিত হয়েছে। এই ধারাতেই ‘বহুরূপী’ নাট্যগোষ্ঠীর আবির্ভাব। বাংলা নাটক ও রঙ্গমঞ্চের ইতিহাসে ‘বহুরূপী’ যে অভিনবত্ব এনেছিল তার স্বরূপ নির্ণয় করো। ১৫

২। অনেকের মতে অতিরিক্ত গানের ব্যবহার কোনো নাটকের ট্রাজিক রস সৃষ্টির অন্তরায়। ‘সাজাহান’ নাটকের ক্ষেত্রে একথা কতখানি প্রযোজ্য নাটকটির গানগুলির আলোচনা সাপেক্ষে বিষয়টি পরিস্ফুট করো। ১৫

৩। ‘সাজাহান’ নাটকের নামকরণ অনুযায়ী সাজাহান প্রধান চরিত্র অথচ এ নাটকে আওরঙ্গজেব নায়কের দাবীদার। মন্তব্যটি যুক্তিসহ বিচার করে তোমার অভিমত জানাও। ১৫

৪। রবীন্দ্রনাথ ঠাকুরের হাতে বাংলা রূপক নাটক এক বিশিষ্ট সাহিত্য প্রকরণ হিসেবে আত্মপ্রকাশ করেছিল; ‘রথের রশি’ নাটকটিও এই প্রকরণেই রচিত। নাটকটির রূপকার্থ নির্ণয় এর যাথার্থ্য নির্ণয় করো। ১৫

৫। গণনাট্য আন্দোলনের পটভূমি আলোচনা করে দেখাও যে বিজন ভট্টাচার্যের ‘নবান্ন’ নাটকে এই আন্দোলনের স্বরূপ কতখানি ধরা পড়েছে। ১৫

৬। ‘নবান্ন’ নাটকের সমাপ্তিতে নবান্ন উৎসব পালনের ছবি নাটকটির পক্ষে কতটা সুপ্রযুক্ত হয়েছে দেখাও। ১৫

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Honours 4th Semester Examination, 2020

## CC10-BENGALI

Full Marks: 60

### ASSIGNMENT

*The questions are of equal value.*
*The figures in the margin indicate full marks.*

**নিম্নলিখিত যে-কোনো *চারটি* বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো** ১৫×৪ = ৬০

১। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'কপালকুণ্ডলা' উপন্যাস হলেও রচনাটিকে অনেকে গদ্যকাব্য হিসেবে অভিহিত করতে চান। 'কপালকুণ্ডলা'য় উপন্যাস ও কাব্যের লক্ষণগুলি পৃথকভাবে চিহ্নিত করে এটিকে গদ্যকাব্য বলা যায় কী না বিচার করো। ১৫

২। 'কপালকুণ্ডলা' উপন্যাসে ইতিহাসের প্রসঙ্গ থাকলেও একে ঐতিহাসিক উপন্যাস বলা যাবে না কেন ? প্রসঙ্গত উপন্যাসটির শ্রেণি নির্ণয় করো। ১৫

৩। পূর্বে কেউ কেউ চেষ্টা করলেও শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ই প্রথম বাংলা উপন্যাসে পল্লী বাংলাকে যথার্থরূপে চিত্রিত করেছেন। তাঁর 'পল্লীসমাজ' উপন্যাসটির আলোচনা সাপেক্ষে মন্তব্যটির যৌক্তিকতা বিচার করো। ১৫

৪। রাঢ় বাংলার লোক-সংস্কৃতি ও লোকগানের চেনা ও বাস্তব ছবি তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় তাঁর 'কবি' উপন্যাসে কীভাবে ফুটিয়ে তুলেছেন উপযুক্ত দৃষ্টান্তের মাধ্যমে পরিস্ফুট করো। ১৫

৫। 'আরণ্যক' উপন্যাসে সত্যচরণ তার অরণ্য জীবনের অভিজ্ঞতায় যে সমস্ত মানুষের সঙ্গে পরিচিত হয়েছিলেন তাদের মধ্যে নারী চরিত্রগুলি আপন বৈশিষ্ট্যে বিশেষভাবে সমুজ্জ্বল হয়ে উঠেছে। এই নারী চরিত্রগুলির স্বাতন্ত্র্যের পরিচয় দাও। ১৫

৬। 'আরণ্যক' উপন্যাসে সত্যচরণের মধ্য দিয়ে যেন প্রকৃতি প্রেমিক বিভূতিভূষণের আবির্ভাব ঘটেছে। উপন্যাসটি আলোচনার প্রেক্ষিতে বিভূতিভূষণের সেই প্রকৃতি প্রেমের স্বরূপ উদ্‌ঘাটন করো। ১৫

——×——

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A. Programme 4th Semester Examination, 2020

## DSC4-BENGALI

Full Marks: 60

### ASSIGNMENT

*The questions are of equal value.*
*The figures in the margin indicate full marks.*

**নিম্নলিখিত যে-কোনো *চারটি* বিষয়ে অ্যাসাইনমেন্ট (Assignment) প্রস্তুত করো** ১৫×৪ = ৬০

১। উনিশ শতকে বাংলা কবিতায় আধুনিকতার সূত্রপাত ঘটেছে কবি ঈশ্বরগুপ্তের হাত ধরে – এই মত কী সমর্থনযোগ্য বলে মনে হয় – তোমার উত্তরের সপক্ষে যুক্তিগুলি সাজাও। ১৫

২। আধুনিক বাংলা কাব্য-কবিতা চর্চায় রবীন্দ্র অনুসারী ও রবীন্দ্র বিরোধী কবি হিসেবে যাঁদের চিহ্নিত করা হয় তাঁদের কাব্যচর্চার সংক্ষিপ্ত বিবরণ দাও। ১৫

৩। ‘সুরদাসের প্রার্থনা’ কবিতা অনুসরণে রবীন্দ্রনাথ ঠাকুরের প্রেম-মনস্তত্ত্ব সংক্রান্ত ভাবনার পরিচয় দাও। ১৫

৪। রবীন্দ্রনাথ ঠাকুরের ‘সাধারণ মেয়ে’ কবিতার মূলভাবটি পরিস্ফুট করো। ১৫

৫। ‘আবার আসিব ফিরে’ কবিতায় কবি জীবনানন্দ দাশের অন্তর্মানসের যে পরিচয় পাওয়া যায় তার স্বরূপ উদ্‌ঘাটিত করো। ১৫

৬। সুধীন্দ্রনাথ দত্তের ‘শাশ্বতী’ কবিতায় আধুনিক কবিতার লক্ষণগুলি নিরূপণ করো। ১৫

——×——